

জবি থেকেই ভিসি চান শিক্ষক-শিক্ষার্থী

জবি প্রতিনিধি

০৯ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষকদের মধ্য থেকে উপাচার্য নিয়োগের দাবিতে বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক অনুষদে বিভাগ সংযোগ কর্মসূচি পালিত হয়েছে। গতকাল রবিবার দুই অনুষদের ১৬টি বিভাগে এ কর্মসূচি পালন করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা। জবি শিক্ষকদের মধ্য থেকে উপাচার্য নিয়োগের দাবিতে ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে এ কর্মসূচি পালিত হয়।

কর্মসূচির সামগ্রিক বিষয় নিয়ে দিকনির্দেশনামূলক বক্তব্যে সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন, বিগত ১৯ বছর জবি বঞ্চিত। বাইরের উপাচার্য এই বিশ্ববিদ্যালয়কে নিজের মনে করেন না।

একটা গেট পর্যন্ত এই বিশ্ববিদ্যালয়ে নাই। এবার জবির উপাচার্য জবির শিক্ষকদের মধ্য থেকেই দিতে হবে। বাইরে থেকে ভিসি এলে গেটলক কর্মসূচি চলবে।

বিভাগ সংযোগ চলাকালে ইংরেজি বিভাগের ১৭তম আবর্তনের শিক্ষার্থী উম্মে হাবিবা বলেন, আমাদের বিশ্ববিদ্যালয় থেকে ভিসি এলে তিনি জগন্নাথের পালস বুঝতে পারবেন। এমন একজন ভিসি চাই, যিনি আমাদের বিশ্ববিদ্যালয় থেকে হবেন এবং শিক্ষার্থীবান্ধব হবেন। ইসলামিক স্টাডিজ বিভাগের খাইরুল ইসলাম স্বাধীন বলেন, আমাদের বিশ্ববিদ্যালয় থেকে ভিসি হলে তিনি অভ্যন্তরীণ বিষয়গুলো দ্রুত অনুধাবন করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে পারবেন।

জবি ভিসি আন্দোলনের অন্যতম আহ্বায়ক ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন বলেন, সোমবার (আজ) বিজনেস ফ্যাকাল্টি এবং বুধবার সায়েন্স ফ্যাকাল্টির বিভাগগুলোয় সংযোগ করা হবে। বৃহস্পতিবার অবস্থান কর্মসূচি পালন করা হবে।

সংযোগ কর্মসূচিতে বক্তব্য দেন ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক নাছির আহমাদ, কম্পিউটার সায়েন্স বিভাগের অধ্যাপক আবু লায়েক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক সাখাওয়াত হোসেন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মেজবাউল আলম সওদাগর প্রমুখ।